সিটি ব্যাংকের প্রধান কার্যালয়ের জমি জব্দ করল ইউসিবি



ছবি: সংগৃহীত

খেলাপি ঋণ আদায়ে নাসা গ্রুপের একটি প্রতিষ্ঠানের মালিকানাধীন গুলশান-১-এর জমি জব্দ করেছে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি)। ওই জমির ওপরই বর্তমানে সিটি ব্যাংক পিএলসির প্রধান কার্যালয় রয়েছে।

গত ১৪ সেপ্টেম্বর অর্থঋণ আদালতের দেওয়া আদেশের পর জমিটি জব্দ করে সেখানে নোটিশ টাঙিয়েছে ইউসিবি। গুলশান মডেল টাউনের এসই (ডি) ব্লক-৩ এলাকায় প্রায় এক বিঘা জমির ওপর নির্মিত স্থাপনা ও অবকাঠামোসহ সম্পত্তিটি এ আদেশের আওতায় পড়েছে।

ব্যাংক সূত্রে জানা গেছে, নাসা গ্রুপের প্রতিষ্ঠান নাসা তাইপেই টেক্সটাইল মিলস লিমিটেড ইউসিবি থেকে ঋণ নিয়েছিল। নির্ধারিত সময়ে ঋণ পরিশোধ না করায় তা খেলাপিতে পরিণত হয়। বাংলাদেশ ব্যাংকের এক কর্মকর্তার তথ্য অনুযায়ী, প্রতিষ্ঠানটির কাছে ইউসিবির পাওনা প্রায় ১৫০ কোটি টাকা।

ঋণ আদায়ে ইউসিবি অর্থঋণ আদালতে মামলা করলে ব্যাংকের আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সম্পত্তি জব্দের নির্দেশ দেওয়া হয়। একই সঙ্গে সম্পত্তিতে আদালতের আদেশসংক্রান্ত নোটিশ টাঙানোর নির্দেশ দেওয়া হয়।

নোটিশে বলা হয়েছে, আদালতের আদেশ অনুযায়ী সম্পত্তিটির ওপর ইউসিবির আইনগত দাবি প্রতিষ্ঠিত হয়েছে। ব্যাংকের লিখিত অনুমতি ছাড়া এটি বিক্রি, হস্তান্তর, নিবন্ধন বা অন্য কোনো ধরনের লেনদেন করা যাবে না। আদেশ অমান্য করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করা হয়েছে।

বর্তমানে দেশের অন্যতম বেসরকারি ব্যাংক সিটি ব্যাংকের প্রধান কার্যালয় হিসেবে ব্যবহৃত গুরুত্বপূর্ণ এই বাণিজ্যিক সম্পত্তি নাসা গ্রুপের ঋণখেলাপির মামলায় আদালতের আদেশে জব্দ হওয়ার বিষয়টি সামনে এসেছে।